তারিখ ... 10 JUL 2017
পৃষ্ঠা ...... কলাম ......

সংবাদ

সরকারি নীতিমালা উপেক্ষা

# ঈশ্বরদীর মাধ্যমিক স্কুলে সমিতির প্রশ্নে পরীক্ষা!

প্রতিনিধি, ঈশ্বরদী (পাবনা)

নিজস্ব প্রণয়নকৃত প্রশ্নপত্রে স্ব-স্ব প্রতিষ্ঠানের পরীক্ষা গ্রহণের সরকারি নীতিমালাকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে ঈশ্বরদী উপজেলার বেশিরভাগ মাধ্যমিক স্কুল সমিতির শিক্ষকদের কল্যাণ তহবিলের নামে পাবলিশার্সের নিকট হতে বিনা পয়সায় নিম্নমানের প্রশ্নে পরীক্ষা গ্রহণ করছে বলে অভিযোগ পাওয়া গেছে। বিদ্যালয় বা সমিতির শিরোনামহীন এই প্রশ্ন উচ্চ মূল্যে বিক্রয় করে ছাত্র/ছাত্রীদের পরীক্ষা গ্রহণ করছে। এ বিষয়ে প্রতিষ্ঠান প্রধানদের সাথে কথা বলে জানা গেছে, সমিতি প্রশ্নপত্র ক্রয়ে বাধ্যবাধকতা আরোপ করায় নিজস্ব প্রণয়নকৃত প্রশ্নপত্রে তারা পরীক্ষা গ্রহণ করতে পারছেন না। সমিতির প্রশ্নে পরীক্ষা গ্রহণ না করলে সমিতির সদস্য পদ বাতিল করারও হুমকি দেয়ায় এসব স্কুলের প্রধান ও শিক্ষকরা অসহায়। মাধ্যমিক শিক্ষা অফিস সূত্র জানায়, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের সৃজনশীলতার বিষয়ে পারদর্শী করার লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানকে প্রশ্নপত্র প্রণয়ন করে মাধ্যমিক শ্রেণীর সকল ক্লাসের পরীক্ষা গ্রহণের জন্য প্রজ্ঞাপন জারি করে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, স্ব স্ব প্রতিষ্ঠানকে নিজস্ব আঙ্গিকে প্রশ্নপত্র প্রণয়নের জন্য চিঠি দেয়া হয়েছে। তিনি আরো জানান, কয়েকটি প্রতিষ্ঠান স্ব স্ব প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ করলেও অনেক শিক্ষা প্রতিষ্ঠান তা করেনি। এ অবস্থায় সরকারের শিক্ষকদের সৃজনশীলতার বিষয়ে দক্ষতা অর্জনের লক্ষ্য ঈশ্বরদীর বেশিরভাগ শিক্ষা প্রতিষ্ঠানে বাস্তবায়ন হচ্ছে না। ফলে সৃজনশীল শিক্ষার মান গাইড ও নোট বইয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। আর শিক্ষকরা দক্ষতা অর্জন না করলে ছাত্র/ছাত্রীরাও সৃজনশীলতার ক্ষেত্রে দেশের অন্য এলাকার শিক্ষার্থীদের তুলনায় পিছিয়ে পড়বে।